

শহীদী ঈদগাহ
কাজী নজরুল ইসলাম

শহীদী ঈদগাহ দেখ আজ জমায়েত ভারি,
হবে দুনিয়াতে আবার ইসলামী ফরমান জারি।।

তুরান ইরান হেজাজ মেসের হিন্দ মরক্কো ইরাক,
হাতে হাত মিলিয়ে আজ দাঁড়ায়েছে সারি সারি।।

ছিল বেহুঁশ যারা আঁসু ও আফসোস ল'ইয়ে,
চাহে ফেরদৌস তারা জেগেছে নও জোশ ল'ইয়ে।
তুইও আয় এই জমাতে ভুলে যা দুনিয়াদারী।।

ছিল জিন্দানে যারা আজকে তারা জিন্দা হয়ে
ছোট্টে ময়দানে দারাজ- দিন আজি শমশের লয়ে।
তবদীর বদলেছে আজ উঠিছে তববির তারি।।